

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২৬৬-আইন/২০২৬/৩৬৬-মুসক।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের- টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ১০০৭ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১০০৭ ১০০৭.০০ বিজ্ঞাপনী সংস্থা ও অনলাইন বিজ্ঞাপন

১০০৭.১০ বিজ্ঞাপনী সংস্থা

ব্যাখ্যা।— “বিজ্ঞাপনী সংস্থা” অর্থ কোনো পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোনো প্রচারণার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোনো নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোনো বিজ্ঞাপন যে কোনো মাধ্যমে বা অন্য কোনো পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তাকরণে নিয়োজিত কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা;

১০০৭.২০ অনলাইন বিজ্ঞাপন

ব্যাখ্যা।— “অনলাইন বিজ্ঞাপন” অর্থ ইন্টারনেট বা অনুরূপ ডিজিটাল নেটওয়ার্ক ব্যবহার করিয়া কোনো সামাজিক যোগাযোগ মাধ্যম, ওটিটি (OTT) প্ল্যাটফর্ম, সার্চ ইঞ্জিন, অনলাইন মার্কেটপ্লেস, অন্য কোনো অনলাইন প্ল্যাটফর্মে, বা কোনো পত্রিকার, সাময়িকীর, ম্যাগাজিনের অনলাইন সংস্করণে যে কোনো ধরনের প্রচার, প্রচারণা কিংবা বিজ্ঞাপন প্রদর্শন, সম্প্রচার বা প্রচার করিবার সেবা, এবং কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে উক্তরূপ সেবা সরবরাহ করা হইলে বা সম্পাদিত হইলে, উহা ইহার অন্তর্ভুক্ত হইবে।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিউর রহমান
প্রথম সচিব (মুসক নীতি)।